গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৭

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

২০০৫ সালে এনটিআরসিএ প্রতিষ্ঠা লগ্ন থেকে শিক্ষক নিবন্ধন পরীক্ষা পরিচালনা করে আসছে। প্রতি বছর ০১ টি করে বিগত ০৩ বছরে ০৩ টি পরীক্ষার মাধ্যমে ৪৬৬৯৬ জন শিক্ষক পরীক্ষার্থী নিবন্ধিত হয়েছে। গত ২০১৬ সালে ১২,৬১৯টি এবং ১০ জানুয়ারি ২০১৯ সাল থেকে ০১ নভেম্বর ২০১৯ সাল পর্যন্ত ৩৭৩৪৬টি শূন্য পদে শিক্ষক নিয়োগের জন্য সুপারিশ করা হয়। প্রতিষ্ঠানটিকে ডিজিটাল কর্মব্যবস্থাপনার আওতায় আনয়নের পদক্ষেপ হিসেবে ইলেকট্রনিক হাজিরা প্রথা, ই-টেন্ডারিং এবং বেতন ভাতা প্রদানের সুবিধার্থে EFT চালু করা হয়। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণের জন্য গনশুনানি, website-এর মাধ্যমে অভিযোগ গ্রহণ, Feedback প্রদান এবং মতামত গ্রহনের প্রথা চালু করা হয়। এনটিআরসিএ'র বিরুদ্ধে দায়েরকৃত প্রায় ৩০০ মামলা নিষ্পত্তির মাধ্যমে সীমিত সংখ্যক জনবল নিয়ে প্রতিবছর প্রায় দশ লক্ষাধিক শিক্ষক নিবন্ধন পরীক্ষার্থীর একটি প্রিলিমিনারি, লিখিত এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করে থাকে। এই প্রতিষ্ঠানটি website এবং অনলাইন-এর মাধ্যমে দুর্নীতির অভিযোগ গ্রহণ প্রথা চালু করার পর সম্পূর্ণ দুর্নীতি মুক্ত প্রতিষ্ঠান হিসেবে সুনাম অর্জন করেছে। এনটিআরসিএ নিজস্ব অর্থায়নে স্ক্যানিং সিস্টেম ক্রয় এবং তৃতীয় পার্টির মাধ্যমে স্ক্যান না করে নিজেরাই স্ক্যান করে ফলাফল প্রক্রিয়াকরণ করে। এ প্রতিষ্ঠানটি সরকারী বরাদ্দ ছাড়াই সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে সকল কার্যক্রম স্বচ্ছতার সাথে পরিচালনা করছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

এনটিআরসিএ কর্তৃক নিবন্ধন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। কিন্তু দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত শূন্য পদের চাহিদার মধ্যে অসংখ্য ভুল থাকার কারণে শিক্ষক নিয়োগ সুপারিশকরণে জটিলতা দেখা দিচ্ছে। বিধি প্রণয়ন ব্যতীত শুধু পরিপত্রের মাধ্যমে শিক্ষক নিয়োগের সুপারিশ করায় উক্ত সুপারিশকে চ্যালেঞ্জ করে এনটিআরসিএ'র বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষ কর্তৃক উচ্চ আদালতে মামলা দায়ের হচ্ছে এবং এনটিআরসিএ দক্ষতার সাথে মামলাগুলো মোকাবেলা করছে। এ প্রতিষ্ঠানটিকে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে শিক্ষক নিয়োগের দায়িত্ব দেওয়া হয়েছে। কিন্তু এ বিপুল কর্মযজ্ঞ সম্পাদনের জন্য প্রয়োজনীয় জনবল বরাদ্দ করা হয়নি। তারপরেও সমস্ত সীমাবদ্ধতা অতিক্রম করে এনটিআরসিএ ১০০% স্বচ্ছতার সাথে নিয়োগ কার্যক্রম অব্যাহত রেখেছে। এছাড়া এক শ্রেণীর সুবিধাবাদি লোক এনটিআরসিএ'র নিয়োগ কার্যক্রমকে বাধাগ্রস্ত করার প্রয়াসে হাইকোর্টে রিট মামলা করছে। মামলার কারণে এনটিআরসিএ'র স্বাভাবিক কার্যক্রম পদে পদে বিঘ্নিত হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

এনটিআরসিএ স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত পরীক্ষার মাধ্যমে মানসম্মত দক্ষ শিক্ষক নিবন্ধন ও নিয়োগের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এ প্রতিষ্ঠানের ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে যথাক্রমে ই-ফাইলিং পদ্ধতি চালু, এনটিআরসিএ'র পরীক্ষার বিধি সংশোধন, নিয়োগের সুপারিশকরণ সংক্রান্ত বিধি প্রণয়ন ও মাঠ পর্যায়ে বিভিন্ন সেবা প্রত্যাশিদের সাথে মত বিনিময়ের জন্য সেমিনারের আয়োজন করা। NTRCA কে NTSC-তে রুপান্তরিত করে এর সাংগঠনিক অবকাঠামো এবং জনবল বৃদ্ধি করার প্রক্রিয়া চলমান রয়েছে।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রার্থীর নিকট থেকে অনলাইনে আবেদন গ্রহণ;
- প্রার্থীদের প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রকাশ ও সনদপত্র প্রদান;
- শূন্য পদে নিয়োগের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অধিযাচন গ্রহণ ও প্রকাশ;
- নিয়োগের জন্য নিবন্ধন সনদধারী আগ্রহী প্রার্থীদের নিকট থেকে আবেদন গ্রহণ, যাচাই বাছাইকরণ, মেধা তালিকা প্রণয়ন ও নিয়োগের সুপারিশ করা;
- Database সংরক্ষণ ও হালনাগাদকরণ এবং বার্ষিক প্রতিবেদন প্রকাশ;
- কর্মচারীদের পদ সংরক্ষণ, স্থায়ীকরণ,শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ ও প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন পদ সৃষ্টির ব্যবস্থাকরণ, সাংগঠনিক কাঠামো অনুমোদন,যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই'তে অন্তর্ভুক্তকরণ এবং স্থায়ী অফিস স্থাপন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

# দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশব্যাপী প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের মাধ্যমে মেধাভিত্তিক শিক্ষক বাছাই নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

দেশব্যাপী স্বচ্ছ, দুর্নীতিমুক্ত ও কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র প্রদান, শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ শেষে সম্মিলিত জাতীয় মেধাতালিকা হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ, শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে অনলাইনে ই-রিকুইজিশন গ্রহণ এবং প্রাপ্ত শূন্য পদের বিপরীতে অনলাইনে আবেদনপত্র গ্রহণ করে নিবন্ধন সনদধারী প্রার্থীদের মধ্য হতে এন্ট্রি লেভেলে মেধারভিত্তিতে কম্পিউটারাইজড পদ্ধতিতে সেরা প্রার্থীকে শূন্য পদের বিপরীতে নির্বাচন করে যোগ্য ও মেধাবী শিক্ষক দ্বারা দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থার উন্নয়ন সাধন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. শিক্ষক নিবন্ধন পদ্ধতি স্বচ্ছ, মানসম্মত ও সম্পূর্ণ দুর্নীতিমুক্তকরণ।

২. দক্ষ ও মান সম্মত শিক্ষক নিয়োগ নিশ্চিতকরণ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-চাহিদা নিরুপণ;

২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণের জন্য একটি জাতীয় শিক্ষামান নির্ধারণ;

৩. শিক্ষক হতে আগ্রহী প্রার্থীগণের অংশগ্রহণে প্রতিযোগিতামূলক পরীক্ষা অনুষ্ঠান;

৪. উত্তীর্ণ প্রার্থীদের একটি মেধাভিত্তিক তালিকা প্রস্তুতকরণ এবং তাদের নিবন্ধনপূর্বক সনদ প্রদান;

৫. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এন্ট্রি লেভেলে শিক্ষকের শূন্য পদ পূরণের জন্য প্রার্থী বাছাইকরণ ও নিয়োগের সুপারিশকরণ।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকের শূন্য পদ পূরণের হার বৃদ্ধি | শিক্ষকের শূন্য পদ পূরণের হার | % | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | জেলা শিক্ষা অফিসারের প্রতিবেদন। |
| কর্মরত শিক্ষকের সংখ্যা বৃদ্ধি | কর্মরত শিক্ষকের সংখ্যা বৃদ্ধির হার | % | ১০০% | ৯৫% | ১০০% | ১০০% | ১০০% | শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | জেলা শিক্ষা অফিসারের প্রতিবেদন। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] শিক্ষক নিবন্ধন পদ্ধতি স্বচ্ছ, মানসম্মত ও সম্পূর্ণ দুর্নীতিমুক্তকরণ। | ৪০ | [১.১] শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রার্থীদের নিকট হতে Online-এ আবেদন গ্রহণ | [১.১.১] প্রাপ্ত আবেদন | সমষ্টি | সংখ্যা | ৪ | ৯২৩৫৫৪ | ৮৭৬০৩৩ | ৮০০০০০ | ৭২০০০০ | ৬৭০০০০ | ৫৬০০০০ | ৪৮০০০০ | ৯,৫০,০০০ | ১০,০০,০০০ |
| | | [১.২] প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশ | [১.২.১] আবেদন প্রাপ্তি ও পরীক্ষা গ্রহণের মধ্যবর্তী সময় | সমষ্টি | দিন | ৬ | ৬০ | ১১০ | ১০০ | ১১০ | ১২০ | ১৩০ | ১৪০ | ১০০ | ৮০ |
| | | | [১.২.২] প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের মধ্যবর্তী সময় | সমষ্টি | দিন | ৬ | ৩০ | ৩০ | ৩০ | ৪০ | ৫০ | ৬০ | ৭০ | ৩০ | ৩০ |
| | | [১.৩] প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ, প্রিফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশ | [১.৩.১] প্রিলিমিনারি পরীক্ষা ও লিখিত পরীক্ষার মধ্যবর্তী সময় | সমষ্টি | দিন | ৬ | ৬০ | ৯৮ | ৮৫ | ৯৫ | ১০৫ | ১১৫ | ১২৫ | ৮৫ | ৮০ |
| | | | [১.৩.২] পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের মধ্যবর্তী সময় | সমষ্টি | দিন | ৬ | ৬৫ | ৪৫ | ৪৫ | ৮৫ | ৯৫ | ১০৫ | ১১৫ | ৪৫ | ৪৫ |
| | | [১.৪] লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ শেষে মাননীয় হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী পদভিত্তিক মেধাতালিকা প্রণয়ন, প্রকাশ ও সনদ প্রদান | [১.৪.১] লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা গ্রহণের মধ্যবর্তী সময় | সমষ্টি | দিন | ৪ | ১০০ | ১০০ | ১১০ | ১২০ | ১৩০ | ১৪০ | ১৫০ | ১০৫ | ১০০ |
| | | | [১.৪.২] পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের মধ্যবর্তী সময় | সমষ্টি | দিন | ৪ | | ৬৯ | ৩০ | ৪০ | ৫০ | ৬০ | ৭০ | ৩০ | ৩০ |
| | | | [১.৪.৩] পরীক্ষার ফল প্রকাশ ও সনদপত্র প্রদানের মধ্যবর্তী সময় | সমষ্টি | দিন | ৪ | | ৭৫ | ৯০ | ১০০ | ১১০ | ১২০ | ১৩০ | ৯০ | ৯০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] দক্ষ ও মান সম্মত শিক্ষক নিয়োগ নিশ্চিতকরণ। | ৩৫ | [২.১] বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শূন্য শিক্ষক পদের জেলাওয়ারী বাৎসরিক হিসাব সংগ্রহ | [২.১.১] নির্দিষ্ট সময়ে শূন্য পদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | তারিখ | তারিখ | ২ | ৩০.১১.১৮ | ৩০.১০.১৯ | ৩০.০৪.২১ | ১৫.০৫.২১ | ২৫.০৫.২১ | ৩১.০৫.২১ | ২৮.০৬.২১ | ২৬.০৬.২২ | ২৫.০৬.২৩ |
| | | [২.২] শিক্ষা প্রতিষ্ঠান হতে শূন্য পদে নিয়োগের জন্য অধিযাচন গ্রহণ ও তা অনলাইনে প্রকাশ | [২.২.১] অধিযাচন গ্রহণ ও অনলাইনে প্রকাশের মধ্যবর্তী সময় | সমষ্টি | দিন | ৮ | ৩৮ | ৪০ | ৪০ | ৪৫ | ৫০ | ৫৫ | ৬০ | ৩৯ | ৩৮ |
| | | [২.৩] নিবন্ধন সনদধারী আগ্রহী শিক্ষক প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ ও তা যাচাই-বাছাই শেষে মেধাভিত্তিক তালিকা প্রণয়ন | [২.৩.১] আবেদন গ্রহণ ও মেধাভিত্তিক তালিকা প্রণয়নের মধ্যবর্তী সময় | সমষ্টি | দিন | ১০ | ৩৬ | ৪০ | ৪০ | ৪৫ | ৫০ | ৫৫ | ৬০ | ৩৯ | ৩৮ |
| | | [২.৪] মেধার ভিত্তিতে যাছাইকৃত প্রার্থীদের শিক্ষাগত সার্টিফিকেটসমূহ NTRCA কর্তৃক যাচাই শেষে তালিকা প্রণয়ন | [২.৪.১] নিয়োগের সুপারিশের জন্য মেধা তালিকা প্রণয়ন | সমষ্টি | দিন | ৫ | ৯০ | ১০০ | ১০০ | ১০৫ | ১১০ | ১২০ | ১৩০ | ৯৮ | ৯৫ |
| | | [২.৫] বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদ পূরণের নিমিত্ত সুপারিশকরণ | [২.৫.১] নিয়োগের সুপারিশকরণ | সমষ্টি | সংখ্যা | ১০ | ২৬০০০ | ১০০০০ | ৩৫০০০ | ৩০০০০ | ২০০০০ | ১৫০০০ | ১০০০০ | ১০০০০ | ১৫০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | | | | | ৪ | ৪ |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | ২০ | ৭০ | ৮০ | ৭০ | ৬০ | | | ৮০ | ৮০ |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | ১৫-০২-২০১৯ | ১৩-০২-২০২০ | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | ১৫-০২-২০২১ | ১৫-০২-২০২২ |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | ২০-০২-২০১৯ | ১৯-০২-২০২০ | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | ২৫-০২-২০২১ | ২৪-০২-২০২২ |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | ৫০ | ৫০ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | ৫০ | ৫০ |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | ৫ | ৫ | ৫ | ৪ | | | | ৫ | ৫ |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৮০ | ৮০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ৮০ | ৮০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৫০ | ৫০ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | ৫০ | ৫০ |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | ১২-১২-২০১৯ | ১৪-১২-২০২০ | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | ১৫-১২-২০২১ | ১৫-১২-২০২২ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ........................................ | ৩০.০৭.2020 |
| চেয়ারম্যান<br>বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ | তারিখ |
| ........................................ | ৩০।৭।২০২০ |
| সচিব<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | NTRCA (এনটিআরসিএ) | Non-Government Teachers' Registration and Certification Authority (NTRCA) |
| ২ | প্র/অ | প্রশাসন ও অর্থ |
| ৩ | প.মূ.প্র | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন |
| ৪ | শি শি | শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রার্থীদের নিকট হতে Online-এ আবেদন গ্রহণ | [১.১.১] প্রাপ্ত আবেদন | এনটিআরসিএ ও টেলিটক বিডি লিঃ এবং বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় (১টি বাংলা ও ১টি ইংরেজি) বিজ্ঞপ্তি প্রকাশ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ | সংখ্যা | পত্রিকা ও ওয়েবসাইট বিজ্ঞপ্তি |
| [১.২] প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশ | [১.২.১] আবেদন প্রাপ্তি ও পরীক্ষা গ্রহণের মধ্যবর্তী সময় | বৃহত্তর ২০ জেলায় প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ | সংখ্যা | এনটিআরসিএ |
| | [১.২.২] প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের মধ্যবর্তী সময় | প্রিলিমিনারি পরীক্ষা উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ | সংখ্যা | এনটিআরসিএ |
| [১.৩] প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ, প্রিফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশ | [১.৩.১] প্রিলিমিনারি পরীক্ষা ও লিখিত পরীক্ষার মধ্যবর্তী সময় | প্রিলিমিনারি পরীক্ষা উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ | সংখ্যা | এনটিআরসিএ |
| | [১.৩.২] পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের মধ্যবর্তী সময় | পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের মধ্যবর্তী সময় হল ৪৫ দিন। উক্ত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ, এনটিআরসিএ | দিন | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ, এনটিআরসিএ |
| [১.৪] লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ শেষে মাননীয় হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী পদভিত্তিক মেধাতালিকা প্রণয়ন, প্রকাশ ও সনদ প্রদান | [১.৪.১] লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা গ্রহণের মধ্যবর্তী সময় | লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ ও বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ | সংখ্যা | এনটিআরসিএ |
| | [১.৪.২] পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের মধ্যবর্তী সময় | পরীক্ষা গ্রহনের ৩০ দিনের মধ্যে ফল প্রকাশ করতে হবে। | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ, এনটিআরসিএ | দিন | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ, এনটিআরসিএ |
| | [১.৪.৩] পরীক্ষার ফল প্রকাশ ও সনদপত্র প্রদানের মধ্যবর্তী সময় | পরীক্ষার ফল প্রকাশের ৯০ দিনের মধ্যে উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে সনদপত্র প্রদান করতে হবে। | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ, এনটিআরসিএ | দিন | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ, এনটিআরসিএ |
| [২.১] বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শূন্য শিক্ষক পদের জেলাওয়ারী বাৎসরিক হিসাব সংগ্রহ | [২.১.১] নির্দিষ্ট সময়ে শূন্য পদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | সকল উপজেলা হতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য শিক্ষক পদের হিসাব সংগ্রহ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ ও সকল জেলার জেলা শিক্ষা অফিসার | সংখ্যা | এনটিআরসিএ |
| [২.২] শিক্ষা প্রতিষ্ঠান হতে শূন্য পদে নিয়োগের জন্য অধিযাচন গ্রহণ ও তা অনলাইনে প্রকাশ | [২.২.১] অধিযাচন গ্রহণ ও অনলাইনে প্রকাশের মধ্যবর্তী সময় | সকল উপজেলায় শূন্য পদে নিয়োগের জন্য অধিযাচন গ্রহণ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ, সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার | সংখ্যা | এনটিআরসিএ |
| [২.৩] নিবন্ধন সনদধারী আগ্রহী শিক্ষক প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ ও তা যাচাই-বাছাই শেষে মেধাভিত্তিক তালিকা প্রণয়ন | [২.৩.১] আবেদন গ্রহণ ও মেধাভিত্তিক তালিকা প্রণয়নের মধ্যবর্তী সময় | জাতীয় মেধা তালিকা প্রণয়ন | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ | সংখ্যা | এনটিআরসিএ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৪] মেধার ভিত্তিতে যাছাইকৃত প্রার্থীদের শিক্ষাগত সার্টিফিকেটসমূহ NTRCA কর্তৃক যাচাই শেষে তালিকা প্রণয়ন | [২.৪.১] নিয়োগের সুপারিশের জন্য মেধা তালিকা প্রণয়ন | নিয়োগের সুপারিশের জন্য মেধা তালিকা প্রণয়ন | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ | সংখ্যা | এনটিআরসিএ |
| [২.৫] বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদ পূরণের নিমিত্ত সুপারিশকরণ | [২.৫.১] নিয়োগের সুপারিশকরণ | নিয়োগের সুপারিশকরণ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ | সংখ্যা | এনটিআরসিএ |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | আবেদন প্রাপ্তি ও পরীক্ষা গ্রহণের মধ্যবর্তী সময় | বাজেট অনুমোদনে সহায়তা। আইন বিধি সংশোধন ও নতুন বিধি প্রণয়নে সহায়তা | নিবন্ধন পরীক্ষা পরিচালনা ও নিয়োগে সুপারিশের জন্য নীতিমালা ও অর্থ প্রয়োজন। | নিবন্ধন পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ ও নিয়োগের সুপারিশের জটিলতা। |
| মন্ত্রণালয় / বিভাগ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের মধ্যবর্তী সময় | প্রয়োজনীয় আর্থিক সহায়তা | এনটিআরসিএ'র নিজস্ব তহবিল থেকে প্রতিষ্ঠানের সার্বিক ব্যয় সংকুলান হয় না। | নিবন্ধন পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ ও নিয়োগের সুপারিশের জটিলতা। |
| দপ্তর / সংস্থা | মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর | প্রাপ্ত আবেদন | প্রয়োজনীয় তথ্য প্রদানে সহযোগিতা | নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও নিয়োগের সুপারিশের জন্য তথ্য প্রয়োজন। | নিবন্ধন পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ ও নিয়োগের সুপারিশের জটিলতা। |
| দপ্তর / সংস্থা | কারিগরী শিক্ষা অধিদপ্তর | পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের মধ্যবর্তী সময় | প্রয়োজনীয় তথ্য প্রদানে সহযোগিতা | নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও নিয়োগের সুপারিশের জন্য তথ্য প্রয়োজন। | নিবন্ধন পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ ও নিয়োগের সুপারিশের জটিলতা। |
| দপ্তর / সংস্থা | মাদরাসা শিক্ষা অধিদপ্তর | লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা গ্রহণের মধ্যবর্তী সময় | প্রয়োজনীয় তথ্য প্রদানে সহযোগিতা | নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও নিয়োগের সুপারিশের জন্য তথ্য প্রয়োজন। | নিবন্ধন পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ ও নিয়োগের সুপারিশের জটিলতা। |
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো | পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের মধ্যবর্তী সময় | প্রয়োজনীয় তথ্য প্রদানে সহযোগিতা | নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও নিয়োগের সুপারিশের জন্য তথ্য প্রয়োজন। | নিবন্ধন পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ ও নিয়োগের সুপারিশের জটিলতা। |